

বড় চমক নিয়ে ফিরছেন মিম -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৪১ ঃ মেহেরপুর-সোমবার ২৪ নভেম্বর ২০২৫ ইং ঃ ৯ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ২ জমা ,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com


সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর

# মেহেরপুরে মিলছে আগ্নেয়াস্ত্র

## সীমান্তপথে সক্রিয় চক্র বাড়ছে নিরাপত্তা ঝুঁকি

নিজস্ব প্রতিবেদক

ভারত সীমান্তঘেঁষা ছোট জেলা মেহেরপুর। শান্ত- নিরিবিলি গ্রামীণ জনপদের আড়ালে দীর্ঘদিন ধরেই সক্রিয় রয়েছে অস্ত্রপাচারকারীরা। সাম্প্রতিক কয়েকটি অভিযানে একের পর এক বিদেশি পিস্তল, শুটার গান, ম্যাগাজিন ও গুলির সন্ধান মেলায় জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে নতুন উদ্বেগ তৈরি হয়েছে। নিরাপত্তা বিশ্লেষকরা বলছেন, জেলার দক্ষিণ-পশ্চিম সীমান্তকে কেন্দ্র করেই গড়ে উঠেছে একটি অভিন্ন অবৈধ রুট–যেখানে মাদক, স্বর্ণের পাশাপাশি এখন অস্ত্রও পাচার হচ্ছে। মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলার বিস্তীর্ণ এলাকা জুড়ে রয়েছে ভারতীয় সীমান্ত। অনেক স্পট ফাঁকা, ফেন্সিংহীন এবং কৃষিজমি ও জঙ্গলসংলগ্ন হওয়ায় পাচারকারীরা রাতের আঁধারে সহজেই ঢুকে পড়ে বলে আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থার




**জেলার দক্ষিণ-পশ্চিম সীমান্তকে কেন্দ্র করেই গড়ে উঠেছে একটি অভিন্ন অবৈধ রুট–যেখানে মাদক, স্বর্ণের পাশাপাশি এখন অস্ত্রও পাচার হচ্ছে। মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলার বিস্তীর্ণ এলাকা জুড়ে রয়েছে ভারতীয় সীমান্ত। অনেক স্পট ফাঁকা, ফেন্সিংহীন এবং কৃষিজমি ও জঙ্গলসংলগ্ন হওয়ায় পাচারকারীরা রাতের আঁধারে সহজেই ঢুকে পড়ে বলে আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থার ধারণা।**

ধারণা। এসব পথ দিয়ে আগে মাদক আসত, এখন অস্ত্রও যুক্ত হয়েছে। স্থানীয় এক নিরাপত্তা কর্মকর্তার ভাষায়–"যে রুট নিরাপদ, পাচারকারীরা সেই রুটই ব্যবহার করে। আর মেহেরপুর দীর্ঘদিন ধরেই তাদের জন্য সুবিধাজনক।" জেলায় ধরা পড়া কয়েকজন পাচারকারীর স্বীকারোক্তি থেকে উঠে এসেছে আন্তঃজেলা অপরাধচক্রের তথ্য। মেহেরপুর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ও ঝিনাইদহ বেল্টে মাদক, মানবপাচার ও অস্ত্র ব্যবসায়ীরা একই নেটওয়ার্কে কাজ করে থাকে। সীমান্তের ওপারে রয়েছে "ক্যারিয়ার"–এপারেই রয়েছে মধ্যস্বত্বভোগী ও স্থানীয় সংগ্রাহক। এই চক্র ভাঙতে পারলেও পুরো সংগঠন ধ্বংস করা কঠিন হয়ে পড়ে। প্রতিটি নির্বাচনী মৌসুমেই নিরাপত্তা উদ্বেগ বাড়ে। স্থানীয় রাজনৈতিক আধিপত্য, ব্যক্তিগত নিরাপত্তা ও ক্ষমতার প্রভাব বিস্তারে অস্ত্রের

২-এর পৃষ্ঠা দেখুন



## সুষ্ঠু নির্বাচনে ইসিকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস সেনাপ্রধানের

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে সেনাবাহিনী নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহযোগিতা করবে বলে জানিয়েছেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। রোববার (২৩ নভেম্বর) সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে ঢাকা সেনানিবাসের আর্মি মাল্টিপারপাস কমপ্লেক্সে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। সেনাপ্রধান বলেন, "সামনে দেশ একটা নির্বাচনের দিকে যাচ্ছে। সেই নির্বাচনে আমরা সার্বিকভাবে সরকারকে সহযোগিতা করব, নির্বাচন

২-এর পৃষ্ঠা দেখুন







## গোয়েন্দা টিম পাঠিয়ে জেলা বিএনপির গ্রহণযোগ্যতা যাচাই করেন : এ্যাড. কামরুল হাসান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক এ্যড. কামসরুল হাসান মেহেরপুরে গোয়েন্দা টিম পাঠানোর অনুরোধ করেছে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের কাছে। গতকাল রবিবার বিকালে মেহেরপুর-১ আসনের দলীয় মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে মেহেরপুর শহরের ড. শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে অনুষ্ঠিত গণজমায়েত তিনি এ অনুরোধ করেন। গণ জামায়েতে জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ইলিয়াস হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। প্রধান অতিথি মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান তার বক্তব্যে আরো বলেন, "আমাদের প্রিয় নেতা, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে অনুরোধ করে বলছি আপনি মেহেরপুরে আপনার গোয়েন্দা টিম পাঠিয়ে দেখুন, মেহেরপুরের মানুষের কাছে জেলা বিএনপির গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তা কতটা সুদৃঢ়। মেহেরপুর-১ আসনে যদি কোনো দুর্ঘটনা ঘটে, তার একমাত্র কারণ হবে এই মনোনয়ন।" তিনি আরও বলেন, "মেহেরপুরের সাধারণ মানুষ থেকে শুরু করে দলের তৃণমূল পর্যন্ত সবাই জেলা বিএনপির সঙ্গে আছে। আমাদের এখন সবচেয়ে বড় প্রয়োজন ঐক্য। বিএনপির পক্ষে এর বিকল্প নেই।" গণজমায়েতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন–মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ। জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননএর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, ওমর ফারুক লিটন, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস, জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আনসার উল হক, আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, মীর গোলাম ফারুক, সাবেক সদস্য জাকির হোসেন, সাবেক আইন সম্পাদক অ্যাডভোকেট আবু সালেহ নাসিমসহ জেলা ও উপজেলার শীর্ষ নেতৃবৃন্দ।

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জেলা প্রশাসনের বিভিন্ন কমিটির সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একাধিক গুরুত্বপূর্ণ কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর সভার সভাপতিত্ব করেন। সভায় অংশগ্রহণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক তারিকুল ইসলাম, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক

২-এর পৃষ্ঠা দেখুন

## ঢাবির সব হল খালি করার নির্দেশ

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব আবাসিক হল রোববার বিকেল ৫টার মধ্যে খালি করার নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। হঠাৎ এই সিদ্ধান্তে হলে থাকা হাজারো শিক্ষার্থী পড়েছেন চরম ভোগান্তিতে–কেউ ব্যাগ গুছিয়ে হল ছাড়ছেন, কেউ পড়েছেন অস্থিরতায়। হল বন্ধের সঙ্গে সঙ্গে সব দোকান ও ক্যান্টিনও অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রোববার সকাল ১০টায় প্রভোস্ট কমিটির জরুরি ভার্চুয়াল সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড.

২-এর পৃষ্ঠা দেখুন



## খোকসায় অগ্নিকাণ্ডে ৫ লাখ টাকার ক্ষতি, উপজেলা প্রশাসনের আর্থিক ও খাদ্য সহায়তা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামে গতকাল রবিবার সকাল ১০টার দিকে একটি বাড়িতে আগুন লেগে প্রায় ৫ লাখ টাকার মালামাল পুড়ে ছাই হয়ে গেছে। অগ্নিকাণ্ডে একটি গরুও দগ্ধ হয়েছে। স্থানীয়রা জানায়, সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে আলিমুদ্দিনের ছেলে হেলালুদ্দিনের

২-এর পৃষ্ঠা দেখুন

## সার কারখানায় ব্যবহৃত গ্যাসের দাম প্রায় দ্বিগুণ বৃদ্ধি

সূর্যোদয় প্রতিবেদন

সারের কারখানায় ব্যবহৃত গ্যাসের দাম প্রতি ঘনমিটার ১৬ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২৯.২৫ টাকা নির্ধারণ করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। নতুন এই দাম আগামী ১ ডিসেম্বর থেকে কার্যকর হবে। রোববার (২৩ নভেম্বর) সংস্থার এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। গত ৬ অক্টোবর গণশুনানিতে পেট্রোবাংলা এবং গ্যাস বিতরণকারী কোম্পানিগুলো প্রতি ইউনিট গ্যাসের দাম ১৬ টাকা থেকে বাড়িয়ে ৪০ টাকা করার প্রস্তাব দেয়। পরে কমিশনের

২-এর পৃষ্ঠা দেখুন




## ভোক্তা অধিকারের অভিযানে তিন প্রতিষ্ঠানের ২ লাখ টাকা জরিমানা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলায় ভোক্তা অধিকার লঙ্ঘনের অভিযোগে তিন প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযান চালিয়ে মোট ২ লাখ ২০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। গতকাল রবিবার বিকেলে অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।ভিযানে সদর উপজেলার রায়পুর বন্দর ও হোটেল বাজার এলাকার বিভিন্ন প্রতিষ্ঠানে

২-এর পৃষ্ঠা দেখুন



## জামায়াতের গণসংযোগ ও নির্বাচনী পথসভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে বাংলাদেশ জামায়াতে ইসলামী আয়োজিত গণসংযোগ ও নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেল ও রাতের বিভিন্ন সময়ে গ্রামীণ ও ইউনিয়ন এলাকায় কর্মসূচিগুলোতে এলাকাবাসী ও দলীয় নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।বিকেলে বুড়িপোতা ইউনিয়নের দক্ষিণ শালিকা গ্রামে অনুষ্ঠিত গণসংযোগে নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের জামায়াত প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, জেলা নায়েবে আমির মাওলানা মাহবুব

২-এর পৃষ্ঠা দেখুন

## ২৫ বছরেও কেউ পারেননি, তাইজুল গড়লেন রেকর্ড

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ক্রিকেটের বাঁহাতি স্পিনার তাইজুল ইসলাম গড়লেন ইতিহাস। মিরপুরে আয়ারল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় টেস্টের পঞ্চম দিনে মাত্র এক উইকেটের ব্যবধানে তিনি পৌঁছে গেলেন ২৫০ টেস্ট উইকেটের মাইলফলকে, যা কোনো বাংলাদেশি খেলোয়াড় শেষ ২৫ বছরে করতে পারেননি।

পঞ্চম দিনের সকালে বাংলাদেশের বোলিংয়ে উইকেট নিতে কিছুটা বেগ পেতে হয়েছিল। তবে তাইজুল ইসলামের এক ঝলকিতে তা সহজ হয়ে যায়। তার করা এক বল অ্যান্ডি ম্যাকব্রাইনের প্যাডে আঘাত হানে। আম্পায়ারের আঙুল উঠলেও ম্যাকব্রাইন

২-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় বাসের ধাক্কায় ভ্যানযাত্রী নারীর মৃত্যু, আহত ২

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার আলুকদিয়া বাজারে বাসের ধাক্কায় এক ভ্যানযাত্রী নারী নিহত হয়েছেন। গতকাল রবিবার দুপুর ১টার দিকে চুয়াডাঙ্গা-মেহেরপুর সড়কের আলুকদিয়া বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোস্তাফিজুর রহমান। নিহত পারভীনা খাতুন (৪৫) আলুকদিয়া ইউনিয়নের মণিরামপুর গ্রামের মৃত রাজু হোসেনের স্ত্রী। আলুকদিয়া ইউনিয়ন পরিষদের ১ নম্বর ওয়ার্ড সদস্য মো. বেলাল বলেন, মুদি দোকানের মালামাল কিনে ভ্যানে বাড়ি ফিরছিলেন পারভীনা খাতুন।

২-এর পৃষ্ঠা দেখুন

## গুমের দুই মামলায় শেখ হাসিনার পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী জেড আই খান পান্না

সূর্যোদয় প্রতিবেদন

মানবতাবিরোধী অপরাধের দুই মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর পক্ষে জেড আই খান পান্না-কে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী হিসেবে নিয়োগ দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। রোববার (২৩ নভেম্বর) দুপুরে বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বে তিন সদস্যের ট্রাইব্যুনাল এই নিয়োগ দেন। এ বিষয়ে জেড আই খান পান্না সাংবাদিকদের বলেন, "আমার মনে হয়েছে, তাকে আরও প্রোপা-রভাবে ডিফেন্স দেওয়া দরকার। তাই আমি তাঁর আইনজীবী হতে আবেদন করেছি। প্রথমে বলা হয়েছিল, এটা সম্ভব নয় কারণ তিনি পলাতক। কিন্তু প্রসিকিউশন পরামর্শ দেয় যে, আমি স্টেট ডিফেন্স হিসেবে থাকলে চলবে। তখন আমি কোনো আপত্তি জানাইনি।" এর পাশাপাশি আসাদুজ্জামান খান কামালসহ অন্যান্য আসামিদের পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী নিয়োগ দেওয়া হয়েছে। আদালত সোশ্যাল মিডিয়া ও অন্যান্য গণমাধ্যমে আপত্তিকর কনটেন্ট অপসারণের নির্দেশও দিয়েছে। আদালতের নোটিশে বলা হয়েছে, সাবেক

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

অনুবাক্যঃ
খবর ঃ(অন্ধকারে ঢেকে যাচ্ছে নারীর জীবন)
মামুনুর রশিদ মামুন

নারীর জীবন অন্ধকারে
একটি কারণে দায়ী
বাল্যবিবাহ বন্ধ হলে
বেঁচে যাবে নারী।
বাল্যবিবাহ হচ্ছে এখন
শহর ছেড়ে গ্রামে
হচ্ছে বিয়ে গভীর রাতে
জানছে না তা লোকে।
নির্যাতনের মাত্রা এখন
আগের চেয়েও বেশি
সব কথার শেষ কথা
যৌতুক প্রথাই দায়ী।
যৌতুক প্রথা বন্ধ করতে
প্রতিরোধেই দ্বন্দ্ব
সবার আগে করতে হবে
বাল্যবিবাহ বন্ধ।

সিসি ক্যামেরা নিয়ন্ত্রিত
আবুল কাসেম স্যার পরিচালিত
সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজে
নার্সারি থেকে ১০ম শ্রেণি (বিজ্ঞান ও মানবিক শাখায়)
ইংলিশ স্পোকেন
ইন্টিগ্রেটেড ভার্সন
আবাসিক
নূরানী আরবি শিক্ষা
সমৃদ্ধ ল্যাব ও লাইব্রেরি
ডে-কেয়ার
ভর্তি চলছে
কেন্দ্রীয় ঈদগাহ রোড, গাংনী, মেহেরপুর, ফোন ঃ ০১৭১০-১১৬৮২৮

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ সোমবার ॥ ৯ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ২৪ নভেম্বর ২০২৫ইং

## বিএনপি মানিকগঞ্জে আবুল সরকারের শাস্তির দাবিতে তৌহিদী জনতার বিক্ষোভ

### পাল্টা কর্মসূচিতে বাউলদের ওপর হামলা, আহত ৩

সূর্যোদয় প্রতিবেদন

মানিকগঞ্জে ধর্ম অবমাননার অভিযোগে গ্রেপ্তার বাউলশিল্পী আবুল সরকারের শাস্তি ও বাউলদের 'ইসলামবিরোধী কার্যক্রম' বন্ধের দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে 'তৌহিদী জনতা'। রোববার দুপুরে অনুষ্ঠিত ওই কর্মসূচির সময় শহরের শহীদ মিনার এলাকার কাছে আবুল সরকারের সমর্থকদের ওপর হামলার ঘটনা ঘটে। এতে তিন বাউল শিল্পী আহত হন। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ হস্তক্ষেপ করে। আহতরা হলেন–শাকরাইল গ্রামের আব্দুল

৩-এর পৃষ্ঠা দেখুন

# হাসিনাকে ফেরত চেয়ে দিল্লিকে ঢাকার চিঠি

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা শুক্রবার আনুষ্ঠানিক চিঠি পাঠিয়েছে দিল্লিতে, যাতে ক্ষমতাচ্যুত স্বৈরশাসক শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালকে ফেরত দেওয়ার আহ্বান জানানো হয়েছে। বিষয়টি রোববার নিশ্চিত করেছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। পররাষ্ট্র উপদেষ্টা জানান, জুলাই গণঅভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় দণ্ডপ্রাপ্ত হাসিনা ও আসাদুজ্জামানকে ফেরত চেয়ে এই চিঠি পাঠানো হয়েছে। চিঠিটি দিল্লির বাংলাদেশ মিশন থেকে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। গত বছরের ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে দেশ ছেড়ে ভারতে পালিয়ে যান শেখ হাসিনা। জুলাই-আগস্টে সংঘটিত গণহত্যার দায়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ১৭ নভেম্বর হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে মৃত্যুদণ্ড দেন। পররাষ্ট্র মন্ত্রণালয় একটি প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে, "মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত এই ব্যক্তিদের দ্বিতীয় কোনো দেশ আশ্রয় দিলে তা অত্যন্ত অবন্ধুসুলভ আচরণ এবং ন্যায়বিচারের প্রতি অবজ্ঞা হিসেবে গণ্য হবে। আমরা ভারত সরকারের প্রতি অনতিবিলম্বে দণ্ডপ্রাপ্ত এই দুই ব্যক্তিকে বাংলাদেশ কর্তৃপক্ষের কাছে হস্তান্তরের আহ্বান জানাচ্ছি। দুই দেশের প্রত্যর্পণ চুক্তি অনুযায়ী এটি ভারতের জন্যও বাধ্যতামূলক।" এর আগে বাংলাদেশের পক্ষ থেকে কয়েক দফায় হাসিনাকে ফেরত পাঠানোর অনুরোধ করা হয়েছে। তবে এখন পর্যন্ত ভারতের কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। পররাষ্ট্র উপদেষ্টা সাংবাদিকদের জানান, বাংলাদেশ চিঠি দিয়েছে,

৩-এর পৃষ্ঠা দেখুন

## আসনের জন্য কোনো সমঝোতা নয় নাহিদ ইসলাম

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নির্বাচনে ক্ষমতা বা আসন ভাগাভাগিকে কেন্দ্র করে কোনো সমঝোতায় যাবে না জাতীয় গণতান্ত্রিক পার্টি (এনসিপি)। দলটি এককভাবেই ৩০০ আসনে প্রার্থী দেওয়ার প্রস্তুতি নিচ্ছে বলে জানিয়েছেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। তিনি বলেন, "একটি আসনও না পেলেও এনসিপি তার আদর্শ, নীতি ও লক্ষ্যে অটুট থাকবে।" রোববার সকাল সাড়ে ১১টায় রাজধানীর শাহবাগের শহীদ আবু সাঈদ কনভেনশন সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। দলীয় মনোনয়নপত্র বিক্রি শেষে এ সংবাদ সম্মেলনের

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



# শীতের শুরুতেই শিশুর যত্ন

সূর্যোদয় প্রতিবেদন

শীতের শুরুতেই শিশুরা বেশি আক্রান্ত হয় ঠান্ডা-কাশি, ফ্লু, অ্যালার্জি ও ত্বকের শুষ্কতায়। তাপমাত্রার হঠাৎ পরিবর্তনে দুর্বল হয়ে যায় শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা। তাই এই সময় তাদের প্রয়োজন বাড়তি যত্ন। বিশেষজ্ঞরা বলছেন, কয়েকটি সহজ নিয়ম মানলেই শিশুকে শীতকালেও সুরক্ষিত রাখা যায়। প্রথমেই গুরুত্ব দিতে হবে শিশুর পোশাকে। নরম ও স্তরযুক্ত পোশাক শিশুকে উষ্ণ রাখে এবং প্রয়োজনমতো খুলে-বন্দ করা যায়। বিশেষ করে মাথা, কান ও পা ঢেকে রাখা খুব জরুরি–কারণ এই অংশ দিয়েই দ্রুত ঠান্ডা লাগে। বাইরে বের হলে হাতমোজা, মোজা ও হালকা জ্যাকেট অবশ্যই পরাতে হবে। শিশুর ত্বক শীতে দ্রুত শুষ্ক হয়ে যায়। তাই হালকা গরম পানি দিয়ে গোসল করানো এবং গোসলের পরপরই ময়েশ্চারাইজার লাগানো প্রয়োজন। দিনে কয়েকবার ত্বকে আর্দ্রতা বজায় রাখতে বেবি লোশন বা অয়েল ব্যবহার করা যেতে পারে। খাবারের ক্ষেত্রেও সতর্ক থাকতে হবে। মায়ের দুধ পানকারী শিশুকে নিয়মিত দুধ খাওয়াতে হবে। আর বড় শিশুদের গরম খিচুড়ি, স্যুপ, সবজি, ডিম ও পর্যাপ্ত পানি দিতে হবে। ঠান্ডা পানি ও ফ্রিজের খাবার থেকে শিশুদের দূরে রাখা উচিত।

৩-এর পৃষ্ঠা দেখুন



## ধানের শীষের পক্ষে মেহেরপুরে পথসভা ও গণসংযোগ

### মুজিবনগর-সদরে নির্বাচনী প্রস্তুতি ত্বরান্বিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের বিশ্বনাথপুর গ্রামে রবিবার ধানের শীষের পক্ষে পথসভা ও লিফলেট বিতরণ করা হয়েছে। সভায় নেতৃত্ব দেন সাবেক সদস্য জুলফিকার রহমান ভুট্টু, প্রধান অতিথি ছিলেন সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ। মোনাখালীয়ের সাবেক সভাপতি মজনু রহমান, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি, উপজেলা যুবদলের সভাপতি আবুল হাসান ও ইউনিয়নের সিনিয়র নেতৃবৃন্দও উপস্থিত ছিলেন। নেতৃবৃন্দ প্রতিনিধিদের সঙ্গে সরাসরি মতবিনিময় করে নির্বাচনী কর্মকাণ্ডে সক্রিয় থাকার আহ্বান জানান। এদিকে, মেহেরপুর জেলা যুবদলের উদ্যোগে বিকেলে শহরের কাথুলি সড়ক থেকে শুরু হয়ে বিভিন্ন সড়কে

৩-এর পৃষ্ঠা দেখুন

## রাজনীতি থাকা উচিত রাজনীতিবিদদের হাতে: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দেশের রাজনীতি রাজনীতিবিদদের হাতেই থাকা উচিত। অন্য কেউ দায়িত্ব নিলে তাদের মধ্যে জনগণের জীবন, পরিবেশ ও ভবিষ্যৎ নিয়ে প্রয়োজনীয় উপলব্ধি থাকে না। রোববার (২৩ নভেম্বর) রাজধানীর নয়াপল্টনের ভাসানী ভবনে বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য মরহুম সাইফুল ইসলাম পটুর রূহের মাগফিরাত কামনায় আয়োজিত দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, "বাতাস নির্মল হওয়া দরকার, পানি পরিষ্কার হওয়া দরকার–এই উপলব্ধি রাজনীতিবিদদেরই থাকে। রাজনীতি রাজনীতিবিদদের কাছেই থাকা উচিত।" তিনি ঢাকার অনিয়ন্ত্রিত নগরায়ণ ও পরিবেশ সংকটের সমালোচনা

৩-এর পৃষ্ঠা দেখুন



## প্রবাসী কল্যাণ সংস্থার উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বন্দর গ্রামে প্রবাসী কল্যাণ সংস্থার উদ্যোগে শতাধিক শীতার্তদের মধ্যে কম্বল বিতরণ করা হয়েছে। গতকাল রবিবার বিকেলে বন্দর প্রবাসী কল্যাণ সংস্থার কার্যালয়ে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সংগঠনের সদস্য রিপন ও মনোয়ার তুহিন উপস্থিত থেকে প্রায় ১০০ জন অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণ করেন। এই ধরনের কার্যক্রম এলাকার দরিদ্র ও শীতার্ত মানুষদের সহায়তা করার লক্ষ্যে সংগঠনটির উদ্যোগ বলে জানানো হয়েছে।

## ভেনেজুয়েলায় মার্কিন অভিযানের সতর্কতা, ৬ এয়ারলাইনসের ফ্লাইট বাতিল

সূর্যোদয় প্রতিবেদন

ভেনেজুয়েলাকে কেন্দ্র করে খুব শিগগিরই নতুন ধরনের অভিযান শুরু করতে পারে যুক্তরাষ্ট্র–এমন ইঙ্গিত দিয়েছেন মার্কিন প্রশাসনের চারজন কর্মকর্তা। বার্তা সংস্থা রয়টার্সকে তারা জানিয়েছেন, নিকোলাস মাদুরো সরকারের ওপর চাপ বাড়াতে ট্রাম্প প্রশাসনের সম্ভাব্য এই পদক্ষেপকে "পরবর্তী ধাপ" হিসেবে দেখা হচ্ছে। তবে অভিযান কবে, কীভাবে বা কোন পরিসরে শুরু হতে পারে–তা এখনো স্পষ্ট নয়। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আনুষ্ঠানিক অনুমোদন পাওয়া নিয়েও নিশ্চিত হতে পারেনি রয়টার্স। গত কয়েক সপ্তাহ ধরে ভেনেজুয়েলাকে ঘিরে মার্কিন সামরিক তৎপরতা বাড়তে থাকায় আন্তর্জাতিক মহলে নানা জল্পনা তৈরি হয়েছে। এরই মধ্যে যুক্তরাষ্ট্র ক্যারিবীয় অঞ্চলে অতিরিক্ত সেনা মোতায়েনের

৩-এর পৃষ্ঠা দেখুন




## মহিলা কলেজে সহকারী অধ্যাপক পদোন্নতিতে সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি মহিলা কলেজের প্রভাষক রূপালী বিশ্বাস, নার্গিস পারভিন, ইকরামুল হাসান ও সালাউদ্দিন রিগানকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাওয়ার পর কলেজে সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল রবিবার দুপুরে কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানের সভাপতিত্ব করেন অধ্যক্ষ প্রফেসর আব্দুল ওয়াদুদ। অনুষ্ঠানে সংবর্ধিত সহকারী অধ্যাপকরা বক্তব্য রাখেন এবং তাদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে উপাধ্যক্ষ প্রফেসর মুহাঃ আবদুল্লাহ আল আমিন, কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক সহযোগী অধ্যাপক আব্দুল হামিদ, মেরাজ উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।



## চুয়াডাঙ্গায় মহিলা দলের নির্বাচনী সমাবেশ

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার দামুড়হুদায় বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের নির্বাচনী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে উপজেলার কার্পাসডাঙ্গা উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত এ সমাবেশে কয়েক হাজার নারী কর্মি অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি আয়োজনে ছিলেন দামুড়হুদা উপজেলা মহিলা দলের নেতৃবৃন্দ। সমাবেশের

৩-এর পৃষ্ঠা দেখুন




## কুষ্টিয়ায় গ্রামীণ ব্যাংকের আঞ্চলিক অফিসে আগুনের চেষ্টা

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া

কুষ্টিয়া সদর উপজেলার পিটিআই সড়কে অবস্থিত গ্রামীণ ব্যাংকের আঞ্চলিক অফিসের সাইনবোর্ডে আগুন দেওয়া হয়েছে। গতকাল রবিবার ভোরে এ ঘটনা ঘটে। তবে পুলিশ পরিদর্শনে জানিয়েছে, কোনো বড় ক্ষয়ক্ষতি হয়নি। ব্যাংকের কর্মকর্তা বিপ্লব দাস জানান,

৩-এর পৃষ্ঠা দেখুন




## শৈলকুপায় শিশুমৃত্যুর দুই দিন পর যুবক নির্যাতনের অভিযোগ

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

ঝিনাইদহ শৈলকুপায় পানিতে ডুবে শিশুমৃত্যুর দুই দিন পর হত্যার অভিযোগ তুলে বাড়িতে হামলা চালিয়ে রাসেল শেখ (২৮) নামের এক যুবককে মারধরের অভিযোগ উঠেছে।গতকাল রবিবার দুপুরে কবিরপুরে ভুক্তভোগীর আত্মীয়ের বাড়িতে সংবাদ সম্মেলনে পরিবার এ

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## সাইবেরিয়ার বরফে মিলল ৪০ হাজার বছরের প্রাচীন আরএনএ

সূর্যোদয় প্রতিবেদন

হাজার বছরের বরফ যেন খুলে দিচ্ছে অতীতের দরজা। সাইবেরিয়ার আর্কটিক উপকূলে বরফের নিচে জমে থাকা একটি উলি ম্যামথের দেহে (উলি ম্যামথ: বহু হাজার বছর আগে বিলুপ্ত বড় আকৃতির হাতির মতো প্রাণী) বিজ্ঞানীরা খুঁজে পেয়েছেন অবিশ্বাস্য এক জিনগত উপাদান–প্রাচীন আরএনএ। প্রায় ৪০ হাজার বছর বরফে জমে থাকা এই ছোট ম্যামথটির নাম 'ইউকা'। এটা ২০১০ সালে উদ্ধার করা হয়েছিল। বিজ্ঞানীরা জানান, ইউকার শরীরে পাওয়া আরএনএ-এর নমুনা এখন পর্যন্ত পাওয়া সবচেয়ে পুরনো আরএনএ। গবেষণাটি আন্তর্জাতিক জার্নাল সেলে (ঈবষষ) প্রকাশিত হয়েছে। সাধারণত আরএনএ খুব দ্রুত নষ্ট হয়ে যায়। তাই এত



বছরের পুরোনো আরএনএ পাওয়া ছিল অনেকটাই অসম্ভব বলে মনে করা হতো। ম্যামথ নিয়ে বহু বছর ধরে ডিএনএ-ভিত্তিক গবেষণা চলছে। ডিএনএ থেকে

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে
কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-
মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা
ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা
নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা
গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা
--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।
ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

